

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০০৩.৯৮.০০১.১২-

৪৭৫

তারিখঃ ২৯/০৫/২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ ঘূর্ণিঝড় “মোরা” সহ যে কোন দুর্যোগের তথ্য আদান-প্রদানের জন্য উপকূলীয় জেলাসমূহে জেলা প্রশাসকের কার্যালয়ে সার্বক্ষণিক জরুরি কন্ট্রোলরুম খোলা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের বিশেষ আবহাওয়া বিজ্ঞপ্তি ক্রমিক নং-০৯ মোতাবেক পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন মধ্য বঙ্গোপসার এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় “মোরা” আরও সামান্য উত্তর-উত্তরপূর্ব দিকে অগ্রসর হয়ে পূর্ব-মধ্য বঙ্গোপসার ও তৎসংলগ্ন উত্তর বঙ্গোপসার এলাকায় অবস্থান করছিল। আবহাওয়া অধিদপ্তর কর্তৃক ইতোমধ্যে চট্টগ্রাম ও কক্সবাজার সমুদ্র বন্দরে ০৭ নং এবং মংগলা ও পায়রা সমুদ্র বন্দরে ০৫ নং বিপদ সংকেত জারি করা হয়েছে। ঘূর্ণিঝড় “মোরা” আগামী ৩০/০৫/২০১৭ খ্রিঃ তারিখ মংগলবার সকাল নাগাদ চট্টগ্রাম ও কক্সবাজার উপকূল অতিক্রম করতে পারে মর্মে আবহাওয়া অধিদপ্তর থেকে জানানো হয়েছে। ঘূর্ণিঝড় “মোরা”র সার্বিক তথ্য সংগ্রহ ও আদান-প্রদানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে উপকূলীয় জেলাসমূহে জেলা প্রশাসকের কার্যালয়ে সার্বক্ষণিক জরুরি কন্ট্রোল রুম খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

জেলা প্রশাসক

.....(সকল উপকূলীয় জেলা)।


(আব্দুর রহমান)
(উপ-সচিব)
উপ-পরিচালক (প্রশাসন-১)।
ফোন-৯৮৬১৩৬০।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক (বাজেট ও হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল উপকূলীয় জেলা)।
- ০৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। অধিদপ্তরের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধ করা হলো।
- ০৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.....(সকল উপকূলীয় জেলা)।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,.....(সকল উপকূলীয় সকল)।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।